

নিয়োগ প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয় সমূহঃ

- আহ্বহী প্রার্থীদের নির্ধারিত নমুনা ফরমে আবেদনপত্র দাখিল করতে হবে। নমুনা ফরম বিশ্ববিদ্যালয়ের খুলনাস্থ অস্থায়ী অফিস (রেজিস্ট্রার কার্যালয়) অথবা www.kau.edu.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সকল সনদপত্র ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি সেটের সাথে একটি করে) খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করতে হবে।
- শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।
- আবেদনকারীকে নিম্নোক্ত ছক (A⁴ size landscape) পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে :

প্রার্থীর নাম ও ঠিকানা মোবাইল নম্বরসহ (স্থায়ী ও বর্তমান)	বয়স		শিক্ষাগত যোগ্যতা					প্রকাশনা সংখ্যা সর্বমোট (প্রযোজ্য ক্ষেত্রে)		প্রশিক্ষণ (শিরোনাম ও সময়)	অভিজ্ঞতা	মন্তব্য
	জন্ম তারিখ	বয়স (২১-০৭-২০১৯ তারিখে)	পরীক্ষার নাম	পাশের সন	বোর্ড/ বিশ্ববিদ্যালয়	বিভাগ/ শ্রেণী /জিপিএ/ সিজিপিএ	প্রাপ্ত নম্বর (%)	দেশী	বিদেশী			

- নিয়োগ বিজ্ঞপ্তি ক্রমিক নং ০১ থেকে ০৫ পর্যন্ত প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ৭(সাত) সেট এবং ক্রমিক নং ৬ থেকে ১৬ নং পর্যন্ত প্রার্থীদেরকে ০৩ (তিন) সেট পৃথক আবেদন রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, (অস্থায়ী অফিস: বাড়ি নং-২০০, রোড নং-১২, ১ম ফেইজ, সোনাডাঙ্গা আবাসিক এলাকা, খুলনা-৯১০০), খুলনা এর অনুকূলে ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। প্রার্থীত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে।
- আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা শিরোনামে সোনালী ব্যাংক লিঃ, দৌলতপুর কর্পোরেট শাখা, খুলনা, এর অনুকূলে (সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে) জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড ৯ থেকে গ্রেড ১০ পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) এবং গ্রেড ১১ থেকে গ্রেড ২০ পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।
- জিপিএ/সিজিপিএ -তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/ শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর আবেদনপত্র বিবেচিত হবে না।
- বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত অনুলিপি।
- সকল পদে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত হিসাবে কম্পিউটার পরিচালনার বিষয়ে দক্ষতা/ অভিজ্ঞতা বাধ্যতামূলক।
- চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অভিজ্ঞতা হিসেবে পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারী/আধা-সরকারী/স্বয়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।
- অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে নিয়োগের ক্ষেত্রে সকল যোগ্যতাপূরণ সাপেক্ষে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।
- আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতনি হলে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা সনদের (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত) অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নিবাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি বিষয়ক সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।
- আবেদনপত্র আগামী ০৮-০৮-২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে।
- আবেদনপত্র সমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।
- নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।
- আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।
- সরকারি নিয়ম অনুযায়ী যাবতীয় কোটা সংরক্ষণ করা হবে।
- ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলসহ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা।

(Handwritten signature)